## বাকেরগঞ্জ উপজেলা পরিষদের নভেম্বর ২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ঃ ১২ নভেম্বর ২০২০

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত।**

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | সভায় আলোচনান্তে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে উপজেলা পরিষদের প্রতিটি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় রবি মৌসুমে ইতিমধ্যে বোরোধান, খেসারী, সরিষা আবাদ শুরু হয়েছে। মাঠ ফসলের সার্বিক অবস্থা ভাল। তবে আগামী খরিপ-২/২০২১-২২ মৌসুমে উফশী আমন ধানের বীজ ও সার সহায়তা দিলে আমন উৎপাদন বিঘা প্রতি ৪ মন বৃদ্ধি পাবে এবং আগাম রবি ফসল চাষাবাদ করা যাবে। | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | ০১। উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই। | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ১লা নভেম্বর থেকে ঝাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম শুরু হয়েছে আগামী ৩০ জুন-২০২১ পর্যন্ত চলবে সকলকে সহযোগীতা প্রদানের অনুরোধ জানান। | ০১। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়রম্যানদের সহযোগীতা করার জন্য অনুরোধ জানান। |
| ৫। প্রকৌশল বিভাগ | ০১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বারেগঞ্জ উপজেলার ইউনিয়নের ও পৌরসভার বিভিন্ন সড়কে অবস্থিত খালের মধ্যে আয়রন ব্রীজের কাজ চলমান আছে। উক্ত চলমান আয়রন ব্রীজের স্থলে পুরাতন জরাজীর্ণ আয়রন ব্রীজের মালামাল সংশ্লিস্ট ইউনিয় পরিষদ ও পৌরসভার নিকট বুঝাইয়া দেওয়া হয়েছে। মালামালের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরুপ।<br>(ক) নতুন বাজার বিশখালী সড়কে (চালতাতলা সরকারী প্রাঃবিঃ এবং চালতাচলা বাজার সম্মুখে ) ৩১.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(খ) দুধল ইউনিয়নের গোমা আমতলা সড়ক ও জনপথ রাস্তা হতে চাটরা বাজার ভায়া গাজীর হাট, ডিকেবি মাঃ বিদ্যালয়, সওদাগার বাড়ী (চাটরা বাজার সম্মুখে) ১৮.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(গ) ফরিদপুর ইউঃ মঙ্গলসী সোহরাব আলী খান বাড়ী হতে হাওলাদার বাড়ী ভায়া ফরিদপুর হাট সড়কে ৩৮.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(ঘ) রুহিতারপার সঃপ্রাঃ বিদ্যালয় আর এইচ ডি হতে আঠারোগাছিয়া দীঘির পাড় বাড়ই বাড়ী নগর মোল্লা বাড়ীর নিকট খালের উপর ১৩.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(ঙ) বাকেরগঞ্জ গোবিন্দপুর আরএইচডি রবিপুর শিয়ালঘুনী বাজার সড়কে ১৩.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল। | বিস্তারিত আলোচনান্তে এ সংক্রান্ত হস্তান্তর কপিসহ আনুসাংগিক কাগজপত্র যথাযথ ভাবে সংরক্ষন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। |

| | | |
|---|---|---|
| | (চ) বাকেরগঞ্জ পৌরসভার সঃপ্রাঃবিঃ (আর এ্যান্ড এইচ ) হতে আঠারোগাছিয়া দীঘির পাড় বাড়ই বাড়ীর খাল সড়কে খালের উপর লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(ছ) বাকেরগঞ্জ পৌরসভার পূর্ব পার্শ্বে বাজার সংলগ্ন আয়রন ব্রীজ নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(জ) কলসকাঠী ইউনিয়নের ঢাপরকাঠী মাধ্যমিক বিদ্যালয় হতে কালুখান বাড়ী ভায়া খন্দকার বাড়ী , পঞ্চায়েত বড়ীর সামনে রাস্তার উপর খালের উপর ১৬.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(ঝ) ইছাপুরা ইউনুচখান বাড়ী হতেহ ভাতশালা নয়ার হাট ব্রীজ ভায়া ইছাপুরা মাধ্যমিক বিদ্যালয় রাস্তায় ১৬.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(ঞ) দুধল ইউনিয়নের চাটরা বাজার হতে কালেঙ্গা বটতলা উপজেলা সড়ক ( গনি চৌকিদার বাড়ীর উত্তর পার্শ্বে) ১৪.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(ট) পাদ্রিশিবপুর ইউনিয়নে জনতা বাজার হতে আনছার সিকদার বাড়ী সড়কে ১৮.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(ঠ) গারুড়িয়া ইউনিয়নে খয়রাবাদ হাইস্কুলের সামনে খয়রাবাদ ইউনিয়ন পরিষদ হতে ডিঙ্গার হাট সড়কে ১৮.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(ড) নিয়ামতি ইউনিয়ন পরিষদ হতে পূর্ব নিয়ামতি বাজার পর্যন্ত (জামাল বেপারী খাল) সড়কে ১৮.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(ঢ) এতিমখানা হতে বোতরা বাজার সড়কে ১৬.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>(ণ) গারুরিয়া ইউনিয়নে খয়রাবাদ ইউনিয়ন পরিষদ হতে কোরতাচিরা হাট পর্যন্ত (জব্বার ডাকুয়া বাড়ী) সড়কে ২০.০০ মিটার দীর্ঘ লোহার পুল নির্মান কাজের পুরাতন মালামাল।<br>০২। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের জন্য নির্ধারিত বাস ভবনটি সরেজমিনে পরিদর্শণ করেছি। দীর্ঘ দিনের পুরাতন ভবন হওয়ায় প্রকৃত পক্ষেই বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। ভবনের অধিকাংশ জায়গায় ড্যাম হয়ে জরাজীর্ণ হয়ে পড়েছে। ইতোপূর্বে বহুবার সংস্কার করা হলেও সংস্কারের সাথে সাথেই আবার প্লাস্টার খসে পড়ে। প্লাস্টার খসে পরার কারনে যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। এমতাবস্থায় বাস ভবনটি বসবাসের অনুপযোগী হওয়ায় পরিত্যাক্ত ঘোষনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | ০২।এ বিষয় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মত ভাবে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনটি পরিত্যাক্ত ঘোষনার নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা-কে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয় । |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সকল ভাতার ডাটা এন্ট্রির কাজ চলমান আছে। ইতোপূর্বে জন্ম নিবন্ধন দিয়ে সকলে ভাতা নিয়েছে। এখন জাতীয় পরিচয়পত্র দিয়ে করতে হয় বিধায় বয়স কম হওয়ায় অনেকে ভাতা পাচ্ছে না। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা-কে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয় । |
| ৮। মাধ্যমিক শিক্ষা বিভাগ | ০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের |

| | | |
|---|---|---|
| | | জন্য অনুরোধ জানানো হয় । |
| ৯। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলাধীন পরিত্যাক্ত জরাজীর্ণ ব্যবহার অনুপযোগী ১৬ টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবন যা দিন দিন নষ্ট হয়ে যাচ্ছে। জরুরী ভিত্তিতে প্রকাশ্যে নিলামে বিক্রয় করা প্রয়োজন। বিদ্যালয় গুলোর নাম নিম্নে দেওয়া হলো।<br>০১। ১৩২ নং ভবানীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ০২। ছোট রগুনাথপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ০৩। ১০৬ নং দুধলমৌ সরকারী প্রাথমিক বিদ্যালয় ০৪। ১৩৭ নং শাকবুনিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ০৫। দক্ষিন শিয়ালগুনি সরকারী প্রাথমিক বিদ্যালয় ০৬। ১২৯ নং বড় পুইয়া উঠা সরকারী প্রাথমিক বিদ্যালয় ০৭। উত্তর কাজলাকাঠী সরকারী প্রাথমিক বিদ্যালয় ০৮। দক্ষিণ সাদিস সরকারী প্রাথমিক বিদ্যালয় ০৯। ১৪৭ নং কাফিলা কৃষ্ণনগর সরকারী প্রাথমিক বিদ্যালয় ১০। রগুনন্দি সরকারী প্রাথমিক বিদ্যালয় ১১। বেগম নুরজাহান সরকারী প্রাথমিক বিদ্যালয় ১২। দাওকাঠী সরকারী প্রাথমিক বিদ্যালয় ১৩। ৪০ নং সরসী সরকারী প্রাথমিক বিদ্যালয় ১৪। দক্ষিন পশ্চিম শিয়ালগুনী সরকারী প্রাথমিক বিদ্যালয় ১৫। ৩৫ নং দক্তেরাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয় ১৬। ৬২ নং চুনাখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসার-কে প্রকাশ্যে নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। |
| ১০। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, অনেক খেলাপি ঋণ রয়েছে বেশ কয়েকবার নোটিশ দেয়া সত্বেও ঋণ পরিশোধ করছেনা ৫০ লক্ষ টাকা খেলাপী রয়েছে । আদায়ের ব্যাপারে সকলের সহযোগীতার অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণ আদায়ে সকর চেয়ারম্যানদের সহযোগীতার জন্য অনুরোধ জানান। |
| ১০। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | আলোচনান্তে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয় । |
| ১১। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি কার্ডের সংখ্যা ৩৩০৯ টি । আবেদনের সংখ্যা অনেক বেশী । এখন পর্যন্ত ইউনিয়ন কমিটি পাওয়া যায়নি। ৩০ তারিখের মধ্যে ২য় ফরম পুরন করে দিতে হবে এবং ১০% অপেক্ষমান তালিকায় রাখতে হবে। মাতৃত্ব ভাতার তালিকা পাওয়া গেছে। সভায় অনুমোদন প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে মাতৃত্ব ভাতার তালিকা সর্বসম্মত অনুমোদন করা হয়। ভিজিডির দ্রুত ইউনিয়ন কমিটি দাখিলের জন্য অনুরোধ জানান। |
| ১২। ত্রাণ বিভাগ | ০১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, টি. আর কাবিখার কার্যক্রম চলমান আছে । বিগত বছরের মাস্টাররোল ভাউচার এখন পর্যন্ত পাওয়া যায়নি দ্রুত মাষ্টাররোল ভাউচার দাখিল করার জন্য অনুরোধ জানান।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সকল ইউনিয়নের ঘরের তালিকা না পাওয়ার কারণে তালিকা অনুমোদন করা সম্ভব হয়নি। অতি দ্রুত তালিকা প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। | ০১। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দ্রুত মাষ্টাররোল এবং ভাউচার দাখিলের জন্য অনুরোধ জানান।<br>০২। এ বিষয় আলোচনান্তে সকল চেয়ারম্যান দের জরুরী ভিত্তিতে তালিকা প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান দের অনুরোধ জানান। |
| ১৩। জনস্বাস্থ্য উপ-প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | আলোচনান্তে উপজেলা জনস্বাস্থ্য উপ-প্রকৌশল বিভাগ-কে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয় । |
| ১৪। বন বিভাগ | ০১। উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে সুফল প্রকল্পের আওতায় নলুয়া ইউনিয়নে নবান্ন খালী বাজার হতে মিরাবাড়ি ও আফাল কাঠী বাজার হতে সোনামদ্দিন বাড়ী পর্যন্ত ১০.০০ কিঃমিঃ বাগানে ১০,০০০ টি গাছ রোপন করা হবে।<br>০২। উপজেলা বন কর্মকর্ত সভায় আরো জানান যে, উপজেলা সামাজিক বন বাগান কেন্দ্রের বাউন্ডারী ওয়ালের পার্শ্বে ০৬ টি বিভিন্ন প্রজাতির গাছ থাকায় নার্সারীতে চারা উত্তোলনে ব্যহত হচ্ছে গাছের ছায়া ও পাতা পরে মাটি স্যাত স্যাতে হয়ে থাকে ফলে বিভিন্ন প্রজাতির চাড়া তৈরী করতে অসুবিধা হচ্ছে এবং | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা বন কর্মকর্তা-কে বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| | কারণে রোপিত চারায় ছায়া পরায় ও । এমতাবস্থায় গাছ ০৬ টি বিভিন্ন প্রজাতির কর্তন করা অতীব জরুরী।<br>০৩। চেয়রম্যান ফরিদপুর সভায় জানান যে, ফরিদপুর ইউনিয়নের ১৯৯৮ -৯৯ সনের উপকুলিয় সবুজ বেষ্টনী প্রকল্পের বনায়ন এর বিভিন্ন প্রজাতির গাছ কর্তন অতিব জরুরী। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন গ্রাম সড়ক পুনরবাসন প্রকল্প (VRRP/ FDR) এর আওতায় বাকেরগঞ্জ উপজেলাধীন ফরিদুর ইউনিয়নের সরকারের উন্নয়ন মূলক কাজের আওতায় রাস্তা কার্পেটিং ও রাস্তা প্রসস্ত করণের জন্য ক) রগুনদ্দি হানিফ হাওলাদারের বাড়ীর দক্ষিন পার্শ্ব হইতে ভাতশালা মালাকার বাড়ী পর্যন্ত রাস্তার দুই পাশে খ) রগুনদ্দি আলম মিরার বাড়ীর পূর্ব পাশ হইতে মোক্তার আলী হাওলাদার এর বাড়ী পর্যন্ত রাস্তার দুই পাশে বন বিভাগের বিভিন্ন প্রজাতির গাছ কর্তন করা অতিব জরুরী। গাছ কর্তনে বিলম্ব হলে সরকারের উন্নয়ন মূলক কর্মকান্ড স্থবির হয়ে পরবে বিধায় গাছ কর্তন করে অপসারণ পূর্বক সরকারের কর্মকান্ড গতিশিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>০৪। চেয়ারম্যান কবাই ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, শিয়াল গুনি চৌরাস্তায় রাস্তার উন্নয়ন মূলক কাজের জন্য একটি শিশু গাছ কর্তণ অতিব জরুরী<br>০৫। চেয়ারম্যান ভরপাশা ইউনিয়ন পরিষদ জানান যে, তারাপাইতা খালের উপর ২ টি ব্রীজের ৪ টি স্লোবের ডালের বিভিন্ন প্রজাতির ১৭ টি গাছ এবং ২০২০-২০২১ অর্থ বছরে সবুজ বেষ্টনী প্রকল্পের আওতায় রাধা কান্ত বালার বাড়ী হতে মোবারক মেম্বার বাড়ী পর্যন্ত ১.০০ কিঃ মিঃ রাস্তায় উন্নয়ন মূলক কাজে বাধা সৃষ্টি কারী ৮৭ টি বিভিন্ন প্রজাতির গাছ কর্তন করা অতীব জরুরী।<br>০৬। চেয়ারম্যা দাড়িয়াল ইউনিয়ন পরিষদ জানান যে, ১৯৯৯-২০০০ সনে সৃজিত বাগান দেফলা বাড়িয়া হইতে মধুকাঠী দুলাল খানের বাড়ী পর্যন্ত ২.০০ কিঃ মিঃ বাধ বাগান রাস্তার উন্নয়নমূলক কাজের জন্য অপসারণ করা অতীব জরুরী। | |
| ১৫। খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | সভায় উপজেলা খাদ্য কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম আন্তরিকতার সাথে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
বাকেরগঞ্জ, বরিশাল।
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.৯৪৭ তারিখ ঃ ০১-১২ -২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

৪। জেলা প্রশাসক, বরিশাল।

৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।

৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।

৭। উপজেলা...............................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।

৮। চেয়ারম্যান...........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

৯। অফিস কপি।

01-12-2020

(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।